৮৭৪৬২

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১
**Website:**www.bmeb.gov.bd, **E-mail:**info@bmeb.gov.bd, **Fax:**58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/ ৩০০৮ / নথি নং-চট্টগ্রাম-২২৭ তারিখ:২৫.১১.২০১৮খ্রি:

**বিষয়ঃ তদন্ত পুর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার চকবাজার উপজেলাধীন দারুল উলুম আলিয়া মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ মাহবুবুল আলম ছিদ্দিকী বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের জন্য আবেদন করেছেন। নথী পর্যালোচনায় দেখা যায় গত ১০/৪/২০১৮ ইং তারিখে ৫৩২১৮১০৪৫২৪১ নং আইডিতে মোঃ মমতাজ উদ্দিনকে গভাণিং বডির বিদ্যোৎসাহী সদস্য হিসাবে মনোনয়ন দেয়া হয়েছে। পুনরায় মাদ্রাসার অধ্যক্ষ উক্ত সদস্য মনোনয়ন বাতিল করে ড. ফয়সাল কামাল চৌধুরীকে নুতন করে বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের জন্য সভাপতি ও মাননীয় মেয়র চট্টগ্রাম এর সুপারিশ সহ আবেদন করেছেন। উল্লেখ্য পূর্বের এবং বর্তমান আবেদনের সভাপতির নাম ও স্বাক্ষর এক নয় (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ......৫........পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

22-11-18
প্রফেসর মো: মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬১২৮৫৮

প্রাপক: জেলা প্রশাসক
চট্টগ্রাম।

নং-বামাশিবো/প্রশাসন/ / নথি নং-চট্টগ্রাম-২২৭ তারিখ: .১১.২০১৮খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:
১. জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম।
২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চকবাজার, চট্টগ্রাম।
৩. সভাপতি/সদস্যবৃন্দ, দারুল উলুম আলিয়া মাদ্রাসা, চকবাজার, চট্টগ্রাম।
৪. অধ্যক্ষ, দারুল উলুম আলিয়া মাদ্রাসা, চকবাজার, চট্টগ্রাম।
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মো: মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬৭৪৮৭৪

*Office of the Principal*

# Darul Ulum Alia Madrasah Chittagong

Chandanpura, Chawkbazar, Chittagong-4203, Bangladesh. Phone : 031-613622, Estd. 1913

অধ্যক্ষের কার্যালয়

দারুল উলুম আলিয়া মাদ্‌রাসা চট্টগ্রাম

চন্দনপুরা, চকবাজার, চট্টগ্রাম, বাংলাদেশ।

ফোন : ০৩১-৬১৩৬২২, স্থাপিত : ১৯১৩

مكتب المدير

دار العلوم عاليه مدرسه شيتاغونغ

صندنفورا ・ سوكبازار ・ شيتاغونغ

جوال: ٠٣١-٦١٣٦٢٢ أسست عام: ١٩١٣

Ref :

Date : 27 | 03 | 2018

বরাবর

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষাবোর্ড, ঢাকা

**বিষয়: গভর্নিং বডির বিদ্যোৎসাহী প্রতিনিধি মনোনয়নের আবেদন।**

সূত্র:-ইসলামী বিশ্ববিদ্যালয় এ্যাক্ট,২০০৬ এর ৬-এর ২২ এ ধারার আওতায় প্রণীত অধিভূক্ত মাদরাসা সমূহের গভর্নিং বডি সংক্রান্ত নীতিমালা নং ১৩ (খ) ১.২ (ঘ) তাং ২৭.০৪.২০০৭ইং

জনাব,

আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানাচ্ছি যে, অত্র মাদ্‌রাসার গভর্নিং বডির মেয়াদ আগামী ২৪/০৪/২০১৮ ইং তারিখ শেষ হবে। বিধি মোতাবেক গভর্নিং বডির মেয়াদ শেষ হওয়ার ৩০ দিন পূর্বে বিগত ২৩/০৩/২০১৮ ইং তারিখের মধ্যে দাতা, প্রতিষ্ঠাতা ও অভিভাবক প্রতিনিধি নির্বাচন সম্পন্ন করা হয়। গভর্নিং বডির পুর্ণাঙ্গ কমিটি গঠনের নিমিত্ত চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্‌রাসা বোর্ড, ঢাকা এর একজন বিদ্যোৎসাহী প্রতিনিধি মনোনয়ন প্রয়োজন।

অতএব, নিম্নবর্ণিত ব্যক্তিদের হতে ১ম ব্যক্তি অথবা আপনার মনোনিত অন্য যে কোন একজন উপর্যুক্ত ব্যক্তিকে চেয়ারম্যান মহোদয়ের প্রতিনিধি হিসেবে মনোনয়ন দানের জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

| ক্রম | নাম ও ঠিকানা (প্রস্তাবিত বিদ্যোৎসাহী প্রতিনিধি) | শিক্ষাগত যোগ্যতা | পেশা | সামাজিক কর্মকান্ড |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মোহাম্মদ মমতাজ উদ্দীন কাদেরী | এম.এ (আরবি ও ইসলামিক স্টাডিজ) | সহযোগি অধ্যাপক ইস: স্টাডিজ বিভাগ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় | তিনি বিগত কমিটিতেও বিদ্যোৎসাহী হিসেবে থেকে মাদরাসার পাঠদান ও উন্নয়ন কার্যে অনেক সহযোগিতা করেছেন্। |
| ০২ | জনাব প্রফেসর ড. আহমদ আলী | ডক্টরেট ও পিএইচডি | প্রফেসর ইস:স্টাডিজ বিভাগ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় | |
| ০৩ | জনাব ড. মুহাম্মদ ফরিদুদ্দিন ফারুক | পিএইচডি | সহযোগি অধ্যাপক আরবি বিভাগ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় | |

সংযুক্তি:-

১.বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড কর্তৃক বিদ্যোৎসাহী প্রতিনিধি মনোনয়নের পূর্বের চিঠি।

২.মাদরাসার কমিটির বিরুদ্ধে কোন মামলা নাই মর্মে প্রত্যয়ন পত্র।

৩.মাদরাসা শিক্ষা বোর্ডের সর্বশেষ অধিভূক্তি নবায়ন কপি।

৪.প্রিসাইডিং অফিসার নিয়োগের কপি।

৫.সর্বশেষ কমিটির অনুমোদন কপি।

সভাপতি 2?/03/2018

29/3/18

আলম ছিদ্দিকী
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
দারুল উলুম আলিয়া মাদ্‌রাসা
চন্দনপুরা, চকবাজার, চট্টগ্রাম
মোবাইল: ০১৮১১-৭১০৫১০



দারুল উলুম আলিয়া মাদ্‌রাসা
চন্দনপুরা, চকবাজার, চট্টগ্রাম

*Office of the Principal*
**Darul Ulum Alia Madrasah Chittagong**
Chandanpura, Chawkbazar, Chittagong-4203, Bangladesh. Phone : 031-613622, Estd. 1913

অধ্যক্ষের কার্যালয়
দারুল উলুম আলিয়া মাদ্‌রাসা চট্টগ্রাম
চন্দনপুরা, চকবাজার, চট্টগ্রাম, বাংলাদেশ।
ফোন : ০৩১-৬১৩৬২২, স্থাপিত : ১৯১৩

مكتب المدير
دار العلوم عاليه مدرسه شيتاغونغ
صندنفورا، سوكبازار، شيتاغونغ
جوال: ٠٣١.٦١٣٦٢٢، أسست عام: ١٩١٣

Ref:

Date: 29 03 2018

জিবি নির্বাচন ২০১৮
দারুল উলুম আলিয়া মাদরাসা
চন্দনপুরা, চট্টগ্রাম।

## প্রস্তাবিত বিদ্যোৎসাহী সদস্যদের নামের তালিকা

| ক্রম | নাম ও পিতার নাম | শিক্ষাগত যোগ্যতা | ঠিকানা |
|---|---|---|---|
| ০১ | জনাব মমতাজ উদ্দিন কাদেরী<br>পিতা- আবদুস সুকুর | এম.এ (আরবি ও ইসলামিক স্টাডিজ) | সহযোগী অধ্যাপক<br>ইস:স্টাডিজ বিভাগ<br>চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় |
| ০২ | জনাব প্রফেসর ড. আহমদ আলী<br>পিতা- জনাব ফজল করিম | ডক্টরেট ও পিএইচডি | প্রফেসর<br>ইস:স্টাডিজ বিভাগ<br>চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় |
| ০৩ | জনাব ড. ফরিদুদ্দিন<br>পিতা- মওলানা গোলাম শরীফ | পিএইচডি | সহযোগি অধ্যাপক<br>আরবি বিভাগ<br>চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় |

১ম জন বিগত কমিটিতেও বিদ্যোৎসাহী সদস্য হিসেবে ছিলেন। তিনি বিগত ৩ বছর মাদরাসার পাঠদান ও উন্নয়ন কার্যে অনেক সহযোগিতা করেছেন। বর্তমান কমিটিতেও তাঁকে চেয়ারম্যান মহোদয়ের প্রতিনিধি হিসেবে মনোনয়ন প্রদানের জন্য সুপারিশ করছি।

29/03/18

সভাপতি
কর্নেল মোহাম্মদ ইকবাল পিএসসি, এমডিএস (অব:)
সভাপতি
দারুল উলুম আলিয়া মাদ্‌রাসা
চন্দনপুরা, চকবাজার, চট্টগ্রাম।

29/03/18
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
মাহবুবুল আলম ছিদ্দিকী
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
দারুল উলুম আলিয়া মাদ্‌রাসা
চন্দনপুরা, চকবাজার, চট্টগ্রাম
মোবাইল: ০১৯১১-৭১০৫১৭

Mad. Code : 17432, Post Code - 4203, Dt. Code : 59, Centre Code : BMEB-586, IU-604, IAU-813, Banbeis : 0206012401
EIIN : 104524, E-mail : info@dukm1913, org, Web : www.dukm1913.org

*Office of the Principal*

# Darul Ulum Alia Madrasah Chittagong

Chandanpura, Chawkbazar, Chittagong-4203, Bangladesh. Phone : 031-613622, Estd. 1913

অধ্যক্ষের কার্যালয়
দারুল উলুম আলিয়া মাদ্‌রাসা চট্টগ্রাম
চন্দনপুরা, চকবাজার, চট্টগ্রাম, বাংলাদেশ।
ফোন : ০৩১-৬১৩৬২২, স্থাপিত : ১৯১৩

مكتب المدير
دار العلوم عاليه مدرسه شيتاغونغ
صندنفورا، سوكبازار، شيتاغونغ
جوال: ٠٣١.٦١٣٦٢٢، أسست عام: ١٩١٣

Ref: দাউআমা-২০১৮-০৫ Date: 06 05 2018

বরাবর
চেয়ারম্যান মহোদয়
বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড, ঢাকা।

বিষয়:- বামাশিবো/প্রশা/৫৩২১১৮১০৪৫২৪১/৭৮৮৬/নথি নং ২২৭ স্বারকের আলোকে প্রজ্ঞাপন এর মাধ্যমে অত্র মাদরাসার গভর্নিং বডির বিদ্যোৎসাহী প্রতিনিধি হিসেবে জনাব মোহাম্মদ মমতাজ উদ্দীন কাদেরীর মনোনয়ন বাতিল করত: বঙ্গবন্ধু গবেষণা কেন্দ্র, কেন্দ্রীয় পরিষদ এর সভাপতি, মুক্তিযুদ্ধ একাডেমির সদস্য সচিব ও বাংলাদেশ ভারত মৈত্রী সমিতি চট্টগ্রাম বিভাগীয় শাখার সাধারণ সম্পাদক জনাব ড. ফয়সাল কামাল চৌধুরীকে দারুল উলুম আলিয়া মাদরাসা, চন্দনপুরা, চট্টগ্রাম এর গভর্নিং বডির বিদ্যোৎসাহী সদস্য হিসেবে মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

জনাব,

আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জানাচ্ছি যে, চট্টগ্রাম দারুল উলুম আলিয়া মাদরাসা শতাব্দীর ঐতিহ্যবাহী একটি দ্বীনি শিক্ষা প্রতিষ্ঠান। মাদরাসার গভর্নিং বডির মেয়াদ শেষ হওয়ার পর যথাসময়ে নির্বাচন করত: পুর্ণাঙ্গ কমিটির অংশ হিসেবে একজন বিদ্যোৎসাহী মনোনয়নের জন্য তিন জনের নাম প্রস্তাব করা হলে আপনি বিগত ১০/০৪/২০১৮ ইং বিদ্যোৎসাহী সদস্য হিসেবে জনাব মোহাম্মদ মমতাজ উদ্দীন কাদেরী, পিতা-আবদুস সুক্কুরকে মনোনয়ন দান করেন। কিন্তু পরে জানতে পারি যে, তিনি বাংলাদেশ জামায়াত ইসলামী রাজনীতির সহিত জড়িত। ফলে বর্তমান গভর্নিং বডির সম্মানিত সভাপতি চট্টগ্রাম মহানগরী আওয়ামী লীগের সহ-সভাপতি জনাব আলহাজ্ব মোহাম্মদ খোরশেদ আলম সুজন জনাব মোহাম্মদ মমতাজ উদ্দীন কাদেরীকে বাদ দিয়ে জনাব ড. ফয়সাল কামাল চৌধুরীকে বিদ্যোৎসাহী সদস্য হিসেবে রাখতে আগ্রহী।

অতএব, জনাব মোহাম্মদ মমতাজ উদ্দীন কাদেরীর বিদ্যোৎসাহী সদস্য পদ বাতিল করে বঙ্গবন্ধু গবেষণা কেন্দ্র, কেন্দ্রীয় পরিষদ এর সভাপতি, মুক্তিযুদ্ধ একাডেমির সদস্য সচিব ও বাংলাদেশ ভারত মৈত্রী সমিতি চট্টগ্রাম বিভাগীয় শাখার সাধারণ সম্পাদক জনাব ড. ফয়সাল কামাল চৌধুরীকে বিদ্যোৎসাহী সদস্য হিসেবে মনোনয়ন দেয়ার জন্য অনুরোধ করছি।

সভাপতি
মোহাম্মদ খোরশেদ আলম সুজন
সভাপতি
দারুল উলুম আলিয়া মাদরাসা
চন্দনপুরা, চট্টগ্রাম।

3/05/18
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
মাহবুবুল আলম ছিদ্দিকী
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
দারুল উলুম আলিয়া মাদ্‌রাসা
চন্দনপুরা, চকবাজার, চট্টগ্রাম।
মোবাইল: ০১৯১১-৭১০৫১৭

সংযুক্তি:
১. ডি ও পত্র
জনাব আলহাজ্ব আ.জ.ম নাছির উদ্দীন
মাননীয় মেয়র
চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও
সাধারণ সম্পাদক, চট্টগ্রাম মহানগরী, বাংলাদেশ আওয়ামী লীগ।
২. বিদ্যোৎসাহী সদস্য হিসেবে জনাব মমতাজ উদ্দীন কাদেরীর নামে দেয় মনোনয়ন পত্র।

Mad. Code : 17432, Post Code - 4203, Dt. Code : 59, Centre Code : BMEB-586, IU-604, IAU-813, Banbeis : 0206012401
EIIN : 104524, E-mail : info@dukm1913. org, Web : www.dukm1913.org

আ. জ. ম. নাছির উদ্দীন
মেয়র
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
চট্টগ্রাম, বাংলাদেশ।

তারিখ : ০৩ | ০৫ | ২০১৮

সূত্র : উপানুষ্ঠানিক পত্র নং- ৩৪/২০১৮

বিষয় : বঙ্গবন্ধু গবেষণা কেন্দ্র, কেন্দ্রীয় পরিষদ এর সভাপতি ড. ফয়সাল কামাল চৌধুরীকে দারুল উলুম আলিয়া মাদ্‌রাসা, চট্টগ্রাম এর বিদ্যোৎসাহী সদস্য হিসেবে মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

প্রিয় চেয়ারম্যান,
আস্সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহ।

উপর্যুক্ত বিষয়ে আপনার আন্তরিক মনোনিবেশ প্রত্যাশা করছি। ড. ফয়সাল কামাল চৌধুরী, পিতা- জনাব মরহুম মোস্তফা কামাল পাশা, মাতা- মিসেস নার্গিস আকতার নুর, ঠিকানা- ৮৭৪/১০০৯, সাবেরা ভবন, ডিসি রোড, পশ্চিম বাকলিয়া, চট্টগ্রাম ব্যক্তিগতভাবে আমার সুপরিচিত। তিনি ছাত্র জীবন থেকে বাংলাদেশ ছাত্রলীগের একজন সক্রিয় কর্মী ছিলেন এবং মুক্তিযুদ্ধের চেতনার স্বপক্ষের বিভিন্ন সামাজিক সংগঠনের সাথে জড়িত থেকে একজন দায়িত্ববান ও ন্যায়নিষ্ঠ ব্যক্তি হিসেবে সুনাম অর্জন করেছেন। বর্তমানে তিনি বঙ্গবন্ধু গবেষণা কেন্দ্র, কেন্দ্রীয় পরিষদের সভাপতি, মুক্তিযুদ্ধ একাডেমির সদস্য সচিব ও বাংলাদেশ-ভারত মৈত্রী সমিতি, চট্টগ্রাম বিভাগীয় শাখার সাধারণ সম্পাদকের দায়িত্বে থেকে আন্তরিকতার সাথে তার উপর অর্পিত দায়িত্ব পালন করে যাচ্ছেন। তিনি চট্টগ্রাম মহানগরীর প্রাণকেন্দ্রে অবস্থিত জেলার প্রাচীনতম ও ঐতিহ্যবাহী দ্বীনি শিক্ষা প্রতিষ্ঠান দারুল উলুম আলিয়া মাদ্‌রাসা, চট্টগ্রাম এর নব গঠিত গভর্নিং বডির বিদ্যোৎসাহী সদস্য হিসেবে মনোনয়ন পাওয়ার আগ্রহ প্রকাশ করেছেন। তাকে দারুল উলুম আলিয়া মাদ্‌রাসা, চট্টগ্রাম এর নব গঠিত গভর্নিং বডির বিদ্যোৎসাহী সদস্য হিসেবে মনোনয়ন প্রদান করা হলে সততা, নিষ্ঠা, আন্তরিকতা ও দক্ষতার সাথে তার উপর অর্পিত দায়িত্ব পালনের মাধ্যমে দ্বীনি শিক্ষা প্রতিষ্ঠানটির ঐতিহ্য ও সুনাম রক্ষায় গুরুত্বপূর্ণ অবদান রাখতে সক্ষম হবেন বলে আমি মনে করি।

এমতাবস্থায়, উপর্যুক্ত বিষয়াদির আলোকে দক্ষ, পরিশ্রমী, দায়িত্বশীল ও ন্যায়নিষ্ঠ ব্যক্তি বিবেচনায় ড. ফয়সাল কামাল চৌধুরী-কে দারুল উলুম আলিয়া মাদ্‌রাসা, চট্টগ্রাম এর নব গঠিত গভর্নিং বডির বিদ্যোৎসাহী সদস্য হিসেবে মনোনয়ন প্রদানের বিষয়ে আপনার সর্বাত্মক সহৃদয় সহযোগিতা ও হস্তক্ষেপ কামনা করছি।

আপনার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করছি।

(আ. জ. ম. নাছির উদ্দীন)

প্রাপক :

**প্রফেসর এ. কে. এম. ছায়েফ উল্যা**
চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
১৩-১৪, জয়নাগ রোড
বকশীবাজার, ঢাকা-১২১১।

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
২নং আরফানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/532181045241/7886/নথি নং -227 তারিখঃ 10-04-2018 খ্রিঃ

প্রজ্ঞাপন

বিষয়ঃ বেসরকারি ফাজিল/কামিল মাদ্রাসা সমূহের গভার্ণিং বডিতে বিদ্যোৎসাহী প্রতিনিধি মনোনয়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, জেলা CHITTAGONG উপজেলা/থানা KOTOALI এর অধীন DARUL ULUM KAMIL MADRASAH-এর অধ্যক্ষের দাখিলকৃত কাগজ পত্রের আলোকে ইসলামী বিশ্ববিদ্যালয় (এ্যামেন্ডমেন্ট এ্যাক্ট) ২০০৬-এর ২২ A (৪) ধারার আওতায় প্রণীত বিধির (খ) ১.২ (iii) (ঘ) এবং (খ) ১১ (গ) (iv) এর ক্ষমতাবলে নিম্নেবর্নিত ব্যাক্তিকে গভার্ণিং বডির বিদ্যোৎসাহী প্রতিনিধি হিসাবে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক মনোনয়ন দেয়া হলো।

| বিদ্যোৎসাহী প্রতিনিধির নাম | পিতার নাম | ঠিকানা |
|---|---|---|
| Mohammad Momtaz Uddin Kaderi | Abdus Sukkur | Associate Professor, Islamic Studies Department, Chittagong University. |

বিশেষ দ্রষ্টব্য:

ক. মাদ্রাসার স্বার্থ পরিপন্থী কর্মকান্ডের জন্য সদস্য পদ যে কোন সময় বাতিল হতে পারে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

পক্ষে-রেজিষ্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
২. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, মোহাম্মদপুর, ঢাকা।
৩. জেলা প্রশাসক CHITTAGONG
৪. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/বরিশাল/সিলেট অঞ্চল।
৫. উপজেলা/থানা নির্বাহী অফিসার KOTOALI, CHITTAGONG
৬. জেলা শিক্ষা অফিসার CHITTAGONG
৭. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার KOTOALI, CHITTAGONG
৮. অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ DARUL ULUM KAMIL MADRASAH, KOTOALI, CHITTAGONG
৯. অফিস কপি।